

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 14-05-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

R.O-Gandatwisa :

সারা দেশের সঙ্গে রাজ্যেও আগামী দুটি লোকসভা আসনে ভোটগণনা আগামী চৌঠা জুন । দুটি কেন্দ্রেই জনরায়বন্দী ইভিএমগুলি করা নিরাপত্তায় স্ট্রংরুমে রাখা হয়েছে। সাধারণ ও আরক্ষা প্রশাসনে পক্ষ থেকে স্ট্রংরুমগুলির নিরাপত্তা বিষয়ে নিয়মিত নজরদারি রাখা হচ্ছে। পূর্ব ত্রিপুরা লোকসভা কেন্দ্রের রিটার্নিং অফিসার তথা ধলাই জেলার জেলাশাসক সাজু ওয়াহিদ এ আজ গন্ডাতুইসা মহকুমা শাসকের কার্যালয়ে স্ট্রংরুম পরিদর্শন করেন। রাইমাভ্যালি বিধানসভা কেন্দ্রের নির্বাচক মন্ডলীর রায়বন্দী ই ভি এম গুলি এই স্ট্রংরুমে সুরক্ষিত রয়েছে। রিটার্নিং অফিসার সাজু ওয়াহিদ এ এই স্ট্রং রুমের নিরাপত্তা সংক্রান্ত বিষয় খতিয়ে দেখেন। তাছাড়া সেখানে তিনি দায়িত্বপ্রাপ্ত নির্বাচনী আধিকারিক এবং রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গেও কথা বলেন।

Chief Secretary:

মূখ্য সচিব জে কে সিনহা গতকাল উত্তর জেলার ভাঙমুনে উত্তর এবং ঊনকোটি জেলার গ্রামোন্নয়ন দপ্তরের আধিকারিকদের নিয়ে বৈঠক করেন । তথ্য ও প্রযুক্তি দপ্তরের সচিব কিরণ গিত্তে,

গ্রামোন্নয়ন দপ্তরের সচিব ডঃ সন্দীপ রাঠোর, অতিরিক্ত সচিব কুন্তল দাস, দুই জেলার জেলাশাসক, অতিরিক্ত জেলা শাসক, উভয় জেলার মহকুমা ম্যাজিস্ট্রেট ও ব্লকের বিডিওরা বৈঠকে যোগ দেন। বৈঠকে বিভিন্ন দপ্তরের কাজের অগ্রগতি পর্যালোচনা করা হয়।

Election, 4th phase

অষ্টাদশ লোকসভা নির্বাচনের চতুর্থ পর্যায়ে ভোটগ্রহণ পর্ব গতকাল ভালোভাবেই সম্পন্ন হয়েছে। নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, গতকাল ৬২.৮৪ % ভোট পড়েছে। এই পর্বে নয়টি রাজ্য এবং একটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৯৬টি আসনে ভোট নেয়া হয়। অন্ধ্র প্রদেশে ৬৮.১২%, বিহারে ৫৫.৯০%, তেলেঙ্গানায় ৬১.৩৯%, উত্তর প্রদেশে ৫৭.৮৮%, মহারাষ্ট্রে ৫২.৭৫%, মধ্যপ্রদেশে ৬৮.৬৩%, পশ্চিমবঙ্গে ৭৫.৯৪%, ঝাড়খন্ডে ৬৩.৩৭%, ওড়িশায় ৬৩.৮৫% এবং জম্মু ও কাশ্মীরে ৩৬.৫৮% ভোট পড়েছে।

চতুর্থ পর্বের ভোটগ্রহণের সঙ্গে সঙ্গে ২৩টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল এবং ৩৭৯টি সংসদীয় আসনে ভোটগ্রহণ সম্পন্ন হলো।

Election, campaign :

লোকসভা নির্বাচনের বাকি তিন দফার জন্য জোরদার প্রচার চলছে । বরিষ্ঠ রাজনৈতিক নেতৃবৃন্দ তাদের দলের সমর্থনে জনসভা এবং রোড শোতে অংশ নিচ্ছেন ।

প্রধানমন্ত্রী ও বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদি গতকাল বিহারে একাধিক জনসভা করছেন। তিনি হাজিপুর, মুজাফফরপুর এবং সরণে জনসভায় ভাষণ দেন। পরে সন্ধ্যায় উত্তরপ্রদেশের বারাণসীতে একটি মেগা রোড শো করেন তিনি। প্রধানমন্ত্রী আজ বারাণসী লোকসভা আসন থেকে মনোনয়নপত্র জমা দেবেন। গতকাল উত্তরপ্রদেশের রায়বেরেলিতে এক জনসভায় ভাষণ দেন কংগ্রেসের বরিষ্ঠ নেতা রাহুল গান্ধী। এদিকে, মহারাষ্ট্রের ধুলেতে জনসভা করেন বিজেপির বর্ষীয়ান নেতা অমিত শাহ। পরিণত হবে।

Update Akashvani :

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তারিত আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

Charak mela:

কাঁকড়াবনে গতকাল সন্ধ্যায় দুই দিন ব্যাপি চড়ক মেলা ও গাজন উৎসব শুরু হয়েছে।

কাকড়াবন মেলাঘরটিলা এসবি স্কুল প্রাঙ্গনে তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং কাঁকড়াবন আর ডি ব্লক ও চড়ক মেলা কমিটির ব্যবস্থাপনায় দুই দিনব্যাপী চড়ক মেলা ও গাজন উৎসবের সূচনা

করেন কাকড়াবন আর ডি ব্লকের বিডিও অনিন্দ্য দত্ত মজুমদার। উপস্থিত ছিলেন গোমতী জেলার তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা মনোজ দেববর্মা, চড়ক মেলা কমিটির সভাপতি ব্রজেন্দ্র চন্দ্র দাস, অতিরিক্ত মহকুমা শাসক সুব্রত দাস প্রমুখ ।

প্রতি বছর মহা ধুমধাম করে এই উৎসবের আয়োজন করে চড়ক পূজা কমিটি। পাশাপাশি ছোটদের জন্য বিভিন্ন রকম খেলাধুলা ও নানা অনুষ্ঠানের আয়োজন করে কমিটির সদস্যরা। সংশ্লিষ্ট এলাকার চরক পূজা কমিটির সদস্যরা জানিয়েছেন, এই চড়ক পূজা টি তাদের পূর্বপুরুষরা পালন করত। সেই রীতি-রেওয়াজ মেনে পনেরো বছর ধরে এই কাকড়াবন মেলাঘরটিলা এলাকায় চড়ক পূজা অনুষ্ঠিত হয়।

Inter School Cricket Tournament :

শান্তিরবাজার ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত আন্তঃ স্কুল ক্রিকেট টুর্নামেন্টের গতকালের ম্যাচে বাইখোড়া ইংলিশ মিডিয়াম দ্বাদশ স্কুল ৭৬ রানে মুহুরীপুর ইংলিশ মিডিয়াম দ্বাদশ স্কুলকে পরাজিত করে। বাইখোড়া মাঠে প্রথমে ব্যাট করতে নেমে বিজয়ী দল বাইখোড়া ইংলিশ মিডিয়াম দ্বাদশ স্কুল ৩০ ওভার ২ বলে, ১৫৪ রানে সবাই আউট হয়ে যায়। জবাবে খেলতে নেমে মুহুরীপুর ইংলিশ মিডিয়াম দ্বাদশ স্কুল ১৩ ওভার ৩ বলে মাত্র ৭৮ রানে সবাই আউট হয়ে যায় । বিজয়ী দলের সৌরভ দেবনাথ অপরাধিত ৫৯ রান এবং বল ১৯ রানে ৩ উইকেট লাভ করে। দলের আরেক বোলার দেবজিত সিনহাও ২৬ রানে ৩ উইকেট লাভ করে।

Weather :

আগামী চব্বিশ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু স্থানে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ পঁয়ত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে । গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল পঁয়ত্রিশ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস এবং আজ সকালের তাপমাত্রা ছিল ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস ।
